# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৩৫৮০

পর্ব-১৭: দণ্ডবিধি (كتاب الحدود)

পরিচ্ছেদঃ তৃতীয় অনুচ্ছেদ

اَلْفَصْلُ الثَّالِثُ

## আরবী

عَنْ نَافِعٍ: أَنَّ صَفِيَّةَ بِنْتَ أَبِي عُبَيْدٍ أَخْبَرَتْهُ أَنَّ عَبْدًا مِنْ رَقِيقِ الْإِمَارَةِ وَقَعَ على وليدةٍ من الخُمسِ فاستكرهَهَا حَتَّى افتضَّها فَجَلَدَهُ عُمَرُ وَلَمْ يَجْلِدْهَا مِنْ أَجْلِ أَنَّهُ استكرهها. رَوَاهُ البُخَارِيّ

## বাংলা

৩৫৮০-[২৬] নাফি’ (রহঃ) হতে বর্ণিত। তিনি বলেন, সফিয়্যাহ্ বিনতু আবূ ’উবায়দ (রহঃ) তার নিকট বর্ণনা করেন। একদিন সরকারী এক গোলাম সরকারী কোষাগারের (গনীমাতের) এক বাঁদীর সাথে জোরপূর্বক যিনা করে, এমনকি তার সতীত্বও হরণ করে নেয়। এমতাবস্থায় ’উমার গোলামটিকে (পঞ্চাশটি) চাবুক মারলেন এবং বাঁদীকে শাস্তি দিলেন না। কেননা তার সাথে জোরপূর্বক যিনা করা হয়েছে। (বুখারী)[1]

## ফুটনোট

[1] সহীহ : বুখারী ৬৯৪৯, শারহুস্ সুন্নাহ্ ২৫৮৮।

## ব্যাখ্যা

ব্যাখ্যা : ‘উমার তাকে পঞ্চাশ বেত্রাঘাত মেরেছেন এবং ছয় মাসের জন্য নির্বাসন দিয়েছেন। কেননা তাদের হাদ্দ হলো স্বাধীন লোকের অর্ধেক। আর দাসীকে শাস্তি দেয়া হয়নি, যেহেতু তাকে জোরপূর্বক করা হয়েছে। (ফাতহুল বারী ১২শ খন্ড, হাঃ ৬৯৪৯)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ নাফি‘ (রহঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=68907

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন